দেশে এসেই এলাকায় জনকল্যাণ কাজে ব্যস্ত যুক্তরাজ্য শ্রমিকলীগের সভাপতি ড.সামছুল হক চৌধুরী

চেম্বার ডেস্ক::

দেশে এসেই আওয়ামী লীগ মনোনীত প্রার্থীদের পক্ষে মাঠে নেমেছেন যুক্তরাজ্য শ্রমীক লীগের সভাপতি ড. সামছুল হক চৌধুরী। সুনামগঞ্জ ২ দিরাই শাল্লার, দিরাই উপজেলার জগদল ইউনিয়ন এর নগদিপুর বাজারে তৃনমুলের উন্নয়ন নিয়ে এলাকাবাসীর সাথে ড.সামছুল হক চৌধুরী’র মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়।

গত বৃহস্পতিবার জগদল ইউনিয়নের নগদিপুর বাজারে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মত বিনিময় সভায় নেতৃবৃন্দ বলেন, জনপ্রতিনিধি না হয়েও এলাকা ও জনগনের আর্থ সামাজিক উন্নয়নে কাজ করে যাচ্ছেন সুনামগঞ্জ-২ আসনের দিরাই-শাল্লার এই কৃতি সন্তান ডক্টর মো. সামছুল হক চৌধুরী। সুনামগঞ্জ জেলার দিরাই উপজেলার জগদল ইউনিয়নে বহুল প্রতিক্ষিত সাব-মার্জিবল রাস্তা হচ্ছে ধীত পুর থেকে বড় নগদীপুর, পুকিডর, দৌলত পুর ভায়া কামরিবীজ পর্যন্ত। ভাটির জনপদে যোগাযোগ ব্যবস্হার উন্নয়নে ও অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছেন বাংলাদেশ আওয়ামীলীগের বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক উপ-কমিটির সদস্য এবং যুক্তরাজ্য জাতীয় শ্রমিকলীগের সভাপতি ডক্টর মো: সামছুল হক চৌধুরী।

নেতৃবৃন্দরা আরো বলেন, ডক্টর সামছুল হক চৌধুরী মাননীয় পরিকল্পনা মন্ত্রী এম এ মান্নানের শরণাপন্ন হয়ে গত ১০ই জানুয়ারী ২০১৯ ইং তারিখে জরুরী ভিিওতে এই রাস্তার কাজ করার জন্য একটি ডিও লেটার নিয়ে আসেন। তার পর থেকে জেলা এবং উপজেলা প্রকোশলী সাহেব এই কাজটিকে গ্রামীণ অবকাঠামো উন্নয়নে প্রকল্পের অন্তর্ভুক্তি করেন। এই কাজটি টেন্ডার হয়ে গেছে এবং এতে করে অএ অঞ্চলের যোগাযোগ ব্যবস্হার উন্নয়ন হবে। সাধারন মানুষ থেকে নিয়ে স্কুল ও কলেজের ছাত্র/ছাত্রীদের সহজে যাতায়াত করতে সুবিধা হবে।

তিনি পারিবারিকভাবেই স্বাধীন বাংলাদেশের স্বপ্নদ্রষ্টা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শের সৈনিক। তাই ছাত্রজীবনে ছাত্রলীগের রাজনীতির মাধ্যমে এই আদর্শের পথে আমার যাত্রা শুরু/অতীতে স্বৈরাচার বিরোধী আন্দোলন এবং ১/১১ থেকে শুরু করে সকল গণতান্ত্রিক আন্দোলনে ছাত্রলীগের লড়–ক সৈনিক হিসেবে অধ্যাবধী দেশে ও প্রবাসে বঙ্গবন্ধুর সোনার বাংলা প্রতিষ্টায় কাজ করেছেন।

ছাত্রজীবনের পর থেকে পারিবারিক প্রয়োজনে দেশের বাহিরে অবস্থান করলেও সেখানে থেকেও তার রাজনৈতিক তৎপরতা থেমে থাকেনি। এলাকার মানুষের উন্নয়নে বিভিন্ন সড়ক নিমার্ণসহ স্কুল, মসজিদ, মাদ্রাসা, মন্দিরের উন্নয়নে কাজ করেছেন। তিনি ব্যক্তিগতভাবে সাধারণ মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে কর্মকান্ডে ছাত্রজীবন থেকে দীর্ঘ প্রায় ৩৪ বৎসর যাবৎ আওয়ামী রাজনীতি ও বিভিন্ন আর্থ-সামাজিক সংগঠনের সাথে অতপ্রোতভাবে জড়িত থেকে এলাকার উন্নয়নে কাজ করে যাচ্ছেন।

আগামীতে দিরাই-শাল্লাবাসীকে সাথে নিয়ে বর্তমান সরকারের গ্রামকে আধুনিক নগর সুবিধা প্রদানে দুই উপজেলার প্রতিটি গ্রামকে হবে শহরে রুপান্তরিত করার জন্য কাজ করে যাবেন। এছাড়া কৃষি নির্ভর এই দুই উপজেলার কৃষকদের আধুনিক কৃষকে তৈরী এবং প্রযুক্তির ব্যবহার ও কৃষককে প্রযুক্তিবান্ধব করার পরিকল্পনাকে এই বিনিয়োগের আওতায় আনার জন্য মহাপরিকল্পনাও রয়েছে তার।
ডক্টর সামছুল হক চৌধুরীকে দিরাই-শাল্লাবাসী ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।

উল্লেখ্য, ডক্টর সামছুল চৌধুরী, সুনামগঞ্জ-২, আসনে গত দুই টার্মে বাংলাদেশ আওয়ামী লীগ থেকে জাতীয় সংসদ পদের জন্য মনোনয়ন প্রত্যাশী ছিলেন তিনি। কিন্তু তিনি শেখ হাসিনার নির্দেশকে মেনে নিয়ে নির্বাচন থেকে সড়ে দাড়ান।